

■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে জামা'আতে সালাত আদায় [বিধান, ফ্যীলত, ফায়েদা ও নিয়ম-কানূন]

বিভাগ/অধ্যায়ঃ জামা'আত সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ মাসায়েল রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ইমাম সাহেবকে শেষ বৈঠকে পেলে যা করতে হয়:

যখন কেউ মসজিদে প্রবেশ করে দেখতে পায় যে, ইমাম সাহেব শেষ বৈঠকে রয়েছেন। এ দিকে সে নিশ্চিত যে, তার পক্ষে দ্বিতীয় জামা'আতে সালাত পড়া সম্ভব। তা হলে সে দ্বিতীয় জামা'আতে সালাত আদায়ের জন্য অপেক্ষা করবে। কারণ, অন্ততপক্ষে এক রাক'আত না পেলে জামা'আত পেয়েছে বলে ধরে নেওয়া হয় না। আর যদি সে নিশ্চিত নয় যে, সে দ্বিতীয় জামা'আতে সালাত আদায় করতে পারবে তা হলে সে শেষ বৈঠকেই ইমাম সাহেবের সাথে জামা'আতে যোগ দিবে। কারণ, সালাতের কিছু অংশ জামা'আতের সাথে পাওয়া তা একেবারে না পাওয়ার চাইতে অনেকটা ভালো।

আর যদি এমন হয় যে, সে দিতীয় জামা'আত পাবে না বলে প্রথম জামা'আতের শেষ বৈঠকে ইমাম সাহেবের সাথে যোগ দিয়েছে অথচ এ দিকে দিতীয় জামা'আত শুরু হয়ে গিয়েছে। ক্বিরাত বা তাকবীর ধ্বনি সে শুনতে পাচ্ছে। তখন সে উক্ত একাকী সালাত ছেড়ে দিয়ে জামা'আতে শরীক হতে পারে কিংবা নফলের নিয়্যাতে দু' রাকাত আদায় করে সে জামা'আতে যোগ দিবে অথবা একাকী সালাত চালিয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10781

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন